গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, রোববার ৭ জুন ২০১৫, ২৪ জ্যৈষ্ঠ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সীমান্ত চুক্তির মতো তিস্তাও হবে : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি
- নতুন সম্ভাবনার যুগে দুই দেশের সম্পর্ক : প্রধানমন্ত্রী

২। ঢাকা-গুয়াহাটি ও কলকাতা-আগরতলা বাস সার্ভিস উদ্বোধন

৩। সরকারি হাসপাতালে সন্ধ্যায়ও চিকিৎসক থাকার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৪। ধনী-দরিদ্রের বৈষম্য কমাতে হবে : জাতীয় চর সম্মেলনে স্পিকার

৫। চার হাজার ছয়শ' মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বাড়বে
: ভারতের ২ কোম্পানির সাথে সমঝোতা চুক্তি

৬। দেশব্যাপী নতুন নীতিমালার আলোকে একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম শুরু

৭। ৯৩৫ জন অভিবাসীর নাগরিকত্ব নিয়ে মতবিরোধ
: আগামীকাল মিয়ানমারের সঙ্গে পতাকা বৈঠক

৮। ঋণ পেতে বাধার মুখে পড়বে বেসরকারি খাত : এফবিসিসিআই'র বাজেট প্রতিক্রিয়া

৯। ঐতিহাসিক ছয় দফা দিবস আজ

১০। সমুদ্রপথে নিউজিল্যান্ড যাওয়ার সময় ১০ বাংলাদেশি আটক

চলমান পাতা/২

১। সীমান্ত চুক্তির মতো তিস্তাও হবে : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

- নতুন সম্ভাবনার যুগে দুই দেশের সম্পর্ক : প্রধানমন্ত্রী

ঐতিহাসিক সফরে এসে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্থল সীমান্ত চুক্তির মতো বহুল প্রত্যাশিত তিস্তা নদীর পানি চুক্তির অঙ্গীকার করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও দৃঢ়তার সঙ্গে বলেন, দুই দেশের সম্পর্ককে নতুন সম্ভাবনার যুগ ও অধিকতর উচ্চতায় নিয়ে যাচ্ছি। ভারত আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রতিবেশী দেশ। আমরা পরস্পরের উন্নয়ন সহযোগী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুই দেশের মধ্যে সংযোগ (কানেকটিভিটি) স্থাপনের গুরুত্ব অনুধাবন করে এক্ষেত্রে সহায়তার আশ্বাস দেন। পাশাপাশি উভয়ের উদ্বেগ ও অগ্রাধিকারগুলো নিয়ে এগিয়ে যাওয়ার প্রত্যয় ঘোষণা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ৬ জুন শনিবার প্রধানমন্ত্রীর দপ্তরে একান্ত বৈঠক ও দ্বিপাক্ষিক আনুষ্ঠানিক আলোচনা করেন। দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য, নিরাপত্তা, শিক্ষা, পরিবেশ, সীমান্ত ও বিনিয়োগসহ বিভিন্ন ইস্যুতে ১৯টি চুক্তি, প্রটোকল ও সমঝোতা স্মারক স্বাক্ষর এবং দলিল বিনিময় হয়। দুই প্রধানমন্ত্রীর উপস্থিতিতে এসব সম্পাদিত হয়। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, যুগান্তর, সংবাদ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডেসহ অপরাপর দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ঢাকা-গুয়াহাটি ও কলকাতা-আগরতলা বাস সার্ভিস উদ্বোধন

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে সংযোগে (কানেকটিভিটি)। এর অংশ হিসেবে শিলং-গুয়াহাটি থেকে ঢাকা হয়ে আগরতলা পর্যন্ত বাস সার্ভিস উদ্বোধন করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। গতকাল ৬ জুন শনিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে দুই দেশের মধ্যে দুটি রুটে এই বাস সার্ভিসের উদ্বোধন করা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ইনকিলাব (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)।

৩। সরকারি হাসপাতালে সন্ধ্যায়ও চিকিৎসক থাকার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

সরকারি হাসপাতালগুলোতে চিকিৎসকদের সান্ধ্যকালীন রাউন্ড চালুর নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ৬ জুন শনিবার সচিবালয়ে রাজধানীর বিভিন্ন মেডিকেল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকদের সঙ্গে এক জরুরি বৈঠকে স্বাস্থ্যমন্ত্রী এ নির্দেশ দেন। মন্ত্রী বলেন, দরিদ্র মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করাই সরকারের লক্ষ্য। সেজন্য সরকারি হাসপাতালে চিকিৎসকদের সান্ধ্যকালীন রাউন্ড চালু করতে হবে। এ ক্ষেত্রে কোনো অবহেলা সহ্য করা হবে না। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.৩,ক.৩)।

৪। ধনী-দরিদ্রের বৈষম্য কমাতে হবে : জাতীয় চর সম্মেলনে স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সারা বিশ্বের উন্নয়ন পরিকল্পনায় ধনী-দরিদ্রের বৈষম্য কমিয়ে এনে সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনকে টেকসই রূপদান করতে হবে। শুধু দারিদ্র্য দূরীকরণই নয়, দেশের ধনী-গরিবের বৈষম্যও দূর করার ওপর গুরুত্ব আরোপ করেন তিনি। গতকাল ৬ জুন শনিবার রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশনে প্রথম জাতীয় চর সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৭), ইত্তেফাক (পৃ.২,ক.৩), প্রথম আলো (পৃ.৪,ক.২), ডেইলি স্টার (পৃ.৪,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.২)।

৫। চার হাজার ছয়শ' মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন বাড়বে

: ভারতের ২ কোম্পানির সাথে সমঝোতা চুক্তি

বাংলাদেশের জন্য ৪ হাজার ৬০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে ভারতের বেসরকারি দু'টি কোম্পানির সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে সরকার। এ জন্য প্রায় ৩৫ হাজার ১০০ কোটি টাকা বা ৪ দশমিক ৫ বিলিয়ন ডলার বিনিয়োগ করবে ভারতের রিলায়েন্স পাওয়ার লিমিটেড ও আদানি পাওয়ার লিমিটেড। চুক্তি অনুযায়ী বাংলাদেশের সুবিধাজনক স্থানে পৃথক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করবে তারা। বিশেষ আইনে প্রতিযোগিতা ছাড়াই এই বিদ্যুৎ কেন্দ্রগুলো স্থাপন করা হচ্ছে। চূড়ান্ত চুক্তির ৩০ মাসের মধ্যে এই কেন্দ্রগুলো থেকে বিদ্যুৎ উৎপাদন করা হবে। গতকাল ৬ জুন শনিবার রাজধানীতে বিদ্যুৎ ভবনে বাংলাদেশে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) এবং ভারতের রিলায়েন্স পাওয়ার লিমিটেড ও আদানি পাওয়ার লিমিটেডের মধ্যে এই সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৭), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.২)।

৬। দেশব্যাপী নতুন নীতিমালার আলোকে একাদশ শ্রেণীতে ভর্তি কার্যক্রম শুরু

মাধ্যমিকের ফল প্রকাশের পর এবার দেশব্যাপী নতুন নীতিমালার আলোকে শুরু হয়েছে একাদশ শ্রেণীর শিক্ষার্থী ভর্তি কার্যক্রম। তবে বেড়েছে অনলাইনে ভর্তির জন্য নির্বাচিত কলেজের আওতাও। এবার টেলিটক মোবাইল থেকে এসএমএসের মাধ্যমে আবেদন ছাড়াও শিক্ষার্থীরা পাচ্ছেন অনলাইনে ভর্তির আবেদনের বিড়ম্বনাহীন সুযোগ। বিড়ম্বনাহীন এ প্রক্রিয়ায় আগামী ১৮ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন/এসএমএস করা যাবে। শিক্ষামন্ত্রী

নুরুল ইসলাম নাহিদ গতকাল ৬ জুন শনিবার রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) অনলাইনে ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২)।

৭। ৯৩৫ জন অভিবাসীর নাগরিকত্ব নিয়ে মতবিরোধ : আগামীকাল মিয়ানমারের সঙ্গে পতাকা বৈঠক

বঙ্গোপসাগরে মিয়ানমারের জলসীমা থেকে দু'দফায় উদ্ধারকৃত ৯৩৫ অবৈধ অভিবাসী প্রত্যাশীদের মধ্য থেকে বাংলাদেশিদের ফিরিয়ে আনতে আগামীকাল ৮ জুন সোমবার দু'দেশের সীমান্তরক্ষী বিজিবি ও বিজিপি'র মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হবে। উখিয়া সংলগ্ন সীমান্তের ওপারে মিয়ানমারের ঢেকিবুনিয়ায় এ বৈঠকের আয়োজন করা হয়েছে বলে বিজিবি সূত্রে গতকাল ৬ জুন শনিবার নিশ্চিত করা হয়েছে। পতাকা বৈঠকের পর পর নিশ্চিত হওয়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার কার্যক্রম শুরু হবে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৮)।

৮। ঋণ পেতে বাধার মুখে পড়বে বেসরকারি খাত: এফবিসিসিআই'র বাজেট প্রতিক্রিয়া

২০১৫-১৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ঘাটতি মেটাতে ব্যাংক ব্যবস্থা থেকে ৩৮ হাজার ৫২৩ কোটি টাকা ঋণ নেওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে সরকার। এ পরিমাণ ঋণ নেওয়া হলে বেসরকারি খাত ঋণ পেতে বাধার মুখে পড়তে পারে। বাজেটে ৭ শতাংশ প্রবৃদ্ধি অর্জনে বিনিয়োগ বাড়ানোর কথা বলেছে সরকার। কিন্তু ঋণের সুদের হার সিঙ্গেল ডিজিটে না এলে বিনিয়োগ বাড়বে না। সরকারের রাজস্ব নীতির সঙ্গে সমন্বয় করে আগামী মুদ্রানীতি ঘোষণা করতে হবে। গতকাল ৬ জুন শনিবার মতিঝিলে নিজস্ব কার্যালয়ে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই আয়োজিত বাজেট-পরবর্তী সংবাদ সম্মেলনে একথা জানানো হয়। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭)।

৯। ঐতিহাসিক ছয় দফা দিবস আজ

আজ ৭ জুন রোববার, ঐতিহাসিক ছয় দফা দিবস। বাঙালি জাতির মুক্তি সংগ্রামের ইতিহাসে এক অনন্য প্রতিবাদী আত্মত্যাগে ভাস্বর গৌরবোজ্জ্বল সংগ্রামী একটি দিন। ঐতিহাসিক ছয় দফা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

১০। সমুদ্রপথে নিউজিল্যান্ড যাওয়ার সময় ১০ বাংলাদেশি আটক

বিপজ্জনকভাবে দীর্ঘ সমুদ্রপথ পাড়ি দিয়ে নিউজিল্যান্ড যাওয়ার সময় ৬৫ জনকে বহনকারী একটি নৌকা অস্ট্রেলিয়ার নৌবাহিনী ঠেলে ফেরত পাঠিয়েছে ইন্দোনেশিয়ায়, যাদের মধ্যে আছেন ১০ জন বাংলাদেশি। বিবিসি বাংলার ওয়েবসাইটে গতকাল ৬ জুন শনিবার এ খবর প্রকাশ করা হয়েছে। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যায়যায়দিন, যুগান্তর, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরে দু'দেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক আরও দৃঢ় হবে এ প্রত্যাশা ব্যক্ত করে সেই সাথে তিস্তার পানি বণ্টন চুক্তির ব্যাপারে ভারতের কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গের রাজ্য সরকারের দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার ব্যাপারে আশা প্রকাশ;

খ. ইত্তেফাক : কর্ণফুলী নদীর মোহনা হতে চট্টগ্রাম মহানগরের মোহনা পর্যন্ত ১০ কিলোমিটার এলাকায় আড়াই হাজার অবৈধ স্থাপনার কারণে নদীটির প্রবাহ সংকুচিত হওয়ায় ও পানির ধারণ ক্ষমতা হ্রাস পাওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

গ. জনকণ্ঠ, ডেইলি সান : পরিবেশ সুরক্ষায় প্রকৃতির বিরুদ্ধে যেকোনো ধরনের মানব সৃষ্ট কর্মকাণ্ড প্রতিহত করার পাশাপাশি ব্যাপক হারে গাছ লাগানোর আহ্বান;

ঘ. যুগান্তর : এমপিওভুক্তির নতুন নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিষয়ে পর্যাপ্ত শিক্ষক নিয়োগের ব্যাপারে গুরুত্বারোপ;

ঙ. যায়যায়দিন : ভুয়া চিকিৎসকের সংখ্যা অধিকহারে বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে ভুয়া ও দায়িত্বহীন চিকিৎসকদের ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি বলে মতপ্রকাশ;

চ. ডেইলি স্টার, জনকণ্ঠ, সমকাল, ইনকিলাব : আগামী ২০১৫-১৬ অর্থবছরের ঘোষিত বাজেটে বিভিন্ন খাতের বরাদ্দ নির্ভরযোগ্য ও স্বচ্ছ হওয়াসহ দেশের সার্বিক স্বার্থেই বাজেটের সঠিক বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : পরিবেশ রক্ষায় বনায়ন কার্যক্রমের বাংলাদেশ ব্যাংকের পরিবেশবান্ধব পণ্যে অর্থায়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের প্রত্যাশা;

জ. নিউজ টুডে : মালয়েশিয়ায় বনায়নের পাশাপাশি কৃষি, ম্যানুফেকচারিং ও সার্ভিস সেক্টরে জনশক্তি রপ্তানির উদ্যোগ নেওয়া হলে মানব পাচার অনেকাংশে প্রতিরোধ সম্ভব বলে প্রত্যাশা ব্যক্ত;

ঝ. ডেইলি সান : চট্টগ্রামের কালুরঘাটে রাজস্ব আদায়ে যথাযথ নজরদারি বাড়ালে বিপুল পরিমাণ রাজস্ব আদায় সম্ভব বলে অভিমত;

ঞ. নিউ নেশন : রমজানে পণ্য সামগ্রীর মূল্য ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে এখনই কার্যকর ব্যবস্থা গ্রহণের

আহ্বান;

ট. ডেইলি অবজারভার : সামাজিক নিরাপত্তা খাতে বাজেট বরাদ্দ কম রাখার প্রেক্ষিতে এ খাতে আরও বরাদ্দ দেওয়ার প্রয়োজনীয়তা তুলে ধরে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে স্বাধীন ও গণতান্ত্রিক বাংলাদেশের ভবিষ্যৎ নির্মাণে, প্রতিবেশী ভারতের সঙ্গে মৈত্রী প্রতিষ্ঠায় অগ্রণী হয়ে সারা দক্ষিণ এশিয়ায় শান্তি ও সহযোগিতার ক্ষেত্র তৈরিতে বর্তমান সরকারের অবদান অতুলনীয় বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'ফলাফল পদ্ধতিতে বৈষম্য' শিরোনামের নিবন্ধে ড. সুলতান মাহমুদ রানা ও ড. একরাম হোসেন শিক্ষা ব্যবস্থাকে সঠিক ও সুন্দরভাবে পরিচালনার জন্য সব শিক্ষা প্রতিষ্ঠানে একই ধরনের গ্রেডিং পদ্ধতি চালু থাকা দরকার বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা